উপজেলা পরিষদ
জামালপুর সদর, জামালপুর।
**jamalpursadar.jamalpur.gov.bd**

## জানুয়ারি/২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ৩০ জানুয়ারি, ২০২৩ খ্রি: |
| সময় | : | সকাল: ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত মাননীয় সংসদ সদস্য মহোদয় ও সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে ডিসেম্বর/২৩ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:** | | |
| ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে মোট ৩,২৯,৬৬,৯৯৪ টাকা। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় মোট তিন কিস্তির টাকা পাওয়া গেছে। সম্ভাব্য চার কিস্তিতে মোট ৭১,৫২,০০০ টাকা ধরে সর্বমোট (৩,২৯,৬৬,৯৯৪+৭১,৫২,০০০) = ৪,০১,১৮,৯৯৪ (চার কোটি এক লক্ষ আঠারো হাজার নয়শত চুরানব্বই) টাকার উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন করা যাবে। সেই প্রেক্ষিতে সঠিক সময়ে কাজ বাস্তবায়ন এবং কাজের গুণগত মান ঠিক রাখার স্বার্থে যে সকল ইউনিয়ন পরিষদ থেকে এখনও প্রকল্প তালিকা পাওয়া যায়নি উক্ত দ্রুত সময়ের মধ্যে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ক) বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত ও বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় চার কিস্তিতে সম্ভাব্য প্রাপ্ত টাকা সহ সর্বমোট (৩,২৯,৬৬,৯৯৪+৭১,৫২,০০০) = ৪,০১,১৮,৯৯৪ (চার কোটি এক লক্ষ আঠারো হাজার নয়শত চুরানব্বই) টাকার উন্নয়ন প্রকল্প গ্রহণ ও দ্রুত+ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর স্মারক নং ৪৬.০৪৫.০১৬.১০.১১.০১১.২০১৮-৮৭৫ তারিখ ঃ ১১/০৬/২০১৮খ্রি: এবং স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৮৫.২২-৮৫১ তারিখঃ ২৬/১২/২০২২খ্রি: মূলে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন বিভিন্ন সরকারি, আধা সরকারি এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/কর্পোরেশনের নিকট বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত নির্দেশনা রয়েছে এবং নির্বাহী প্রকৌশলীর দপ্তর, বিক্রয় ও বিতরণ বিভাগ, জামালপুর এর ১৪/০২/২০২৩খ্রি তারিখের স্মারক নং ৭৭১ ও ১৬/০২/২০২৩খ্রি: তারিখের স্মারক নং ৭৭৯ মূলে ১৬,৮৫,৫৩৪ টাকা (ষোল লক্ষ পঁচাশি হাজার পাচশত চৌত্রিশ) টাকার বিদ্যুৎ বিল এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়ের স্মারক নং: ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৮৫.২২-৫৯০ তারিখ: ২১/০৭/২০২২খ্রি: মূলে উপজেলা পরিষদের নিকট পেট্রোবাংলার | খ) বিস্তারিত আলোচনান্তে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উপজেলা পরিষদের নিকট বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ১৬,৮৫,৫৩৪ (ষোল লক্ষ পঁচাশি হাজার পাচশত চৌত্রিশ) টাকা এবং গ্যাস বিল বাবদ ৬,৬৪,৯৮৮ (ছয় লক্ষ চৌষট্টি হাজার নয়শত আটাশি) টাকা পরিশোধ করার সর্ব সম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর। |

| | | |
|---|---|---|
| আওতাধীন বিতরণ কোম্পানিসমূহের প্রাপ্য বকেয়া বিল জরুরি ভিত্তিতে পরিশোধের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে। সেমতে তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্টিবিউশন কোম্পনী লিমিটেড, জোনাল বিক্রয় অফিস, জামালপুর এর ১৩ ফেব্রুয়ারি,২০২৩ তারিখের স্মারক নং ২১ মূলে ৬,৬৪,৯৮৮ (ছয় লক্ষ চৌষট্টি হাজার নয়শত আটাশি) টাকার গ্যাস বিল বকেয়া রয়েছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩ (ঢ) মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বিধি মোতাবেক বিদ্যুৎ ও গ্যাস বিল পরিশোধ করার নির্দেশনা রয়েছে। | | |
| ২। স্বাস্থ্য বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ২৯ জানুয়ারি, ২০২৩ খ্রি.পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৮৯.৬৮%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৭৬.২৮% এবং ৩য় ডোজ (বোস্টার) গ্রহণকারীর হার ৫৪.৩৯%। এবং ৫-১১ বছর বয়সীদের টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া গত ২৪ ঘন্টায় করোনা শনাক্তের হার- ০০% । | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের জন্য নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| ৩। কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, জামালপুর সদর উপজেলায় সরিষা আবাদের লক্ষ্যমাত্রা ছিল ৬,২০০ হেক্টর। সেখানে অর্জন হয়েছে ৭,১০০ হেক্টর। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যার সমাধানসহ সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে সঠিক সময়ে পৌছে দেওয়া সহ কৃষকদের প্রয়োজনে সব ধরনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৪। মৎস্য বিভাগঃ<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, যুগনীদহ বিলে অভয়াশ্রম স্থাপন করা হয়েছে। মাছ চাষ বিষয়ক ০২টি ব্যাচ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। নিয়মিত মাছের বাজার ও খাদ্যের দোকানে অভিযান পরিচালনা করা হচ্ছে। জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন ও পুরষ্কার বিতরণের লক্ষ্যে মৎস্য চাষীদের নিকট থেকে আবেদন করার অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী সুষ্টুভাবে চলছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, "প্রাণি সম্পদ ও ডেইরী উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় "School Milk Feeding Programme" নামক পাইলট প্রোগ্রামটি রানাগাছা ইউনিয়নের খড়খড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় এ বাস্তবায়িত হতে যাচ্ছে। যেখানে উক্ত স্কুলের প্রায় ২০০জন শিক্ষার্থীকে টিফিন পিরিয়ডে বিনামূল্যে ২০০মিলি পাস্তুরাইজড দুধ খাওয়ানো হবে। এই কার্যক্রম তিন বছর চলমান থাকবে। এছাড়া ২৮/০১/২০২৩খ্রি পর্যন্ত গবাদি পশু চিকিৎসা সেবা দেওয়া হয়েছে ২,২৫০টি, হাঁস মুরগী ২৬,৬৬৭টি, পোষা পাখি পশু-৯টি এবং গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ৪,৫৮০টি এবং হাঁস মুরগী ৬৯,০০০টি। কৃত্রিম প্রজনন দেওয়া হয়েছে ১,৩৩০ টি এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে ০৯ টি ও ফ্রি | প্রাণি সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০২টি। | | |
| **৬। পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ২৯/০১/২০২৩খ্রি: পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা- ১,৩৬,৩২০ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণ করেছে (পুরুষ) -০০ জন। স্থায়ী পদ্ধতি (মহিলা) -৩৮। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -১০৫ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) - ১৪৫ জন। নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে-৭৪ জনকে। এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| **৭। ত্রাণ ও পুর্ণবাসন:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের টি.আর/কাবিখার প্রকল্পের ১ম পর্যায়ের কাজ শেষ হয়েছে এবং ২য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। ২য় পর্যায়ের ৪০ দিনের কর্মসূচীর কাজ পরিবর্তন করে ১২০ দিন হয়ে গেছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে চলমান আছে। | ২০২২-২৩ অর্থ বছরের টি.আর/কাবিখা ও কাবিটার বরাদ্দ দ্বারা সরকারি নির্দেশনা মোতাবেক প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| **৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, ২০২৩ সাল থেকে ৬ষ্ঠ এবং ৭ম শ্রেণিতে নতুন কারিকুলাম অনুযায়ী পাঠদান চলছে। ইতোমধ্যেই উপজেলার সকল শিক্ষককে প্রশিক্ষণ করানো হয়েছে। বিনামূল্যে বিতরণের লক্ষ্যে এ পর্যন্ত ৭২% বই পাওয়া গেছে যা শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়েছে। ২০২২ সালের ৬ষ্ঠ-৯ম শ্রেণির বার্ষিক পরিক্ষা শেষ হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে। | সরকারি নির্দেশনা মেনে ক্লাশ পরিচালনা, ক্রীড়া প্রতিযোগীতা, পরিক্ষা সহ সকল শিক্ষা কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| **৯। শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, আন্ত: প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা/২০২৩ এর ইউনিয়ন পর্যায়ের প্রতিযোগিতা ৫/২/২৩ থেকে ১২/০২/২৩ পর্যন্ত এবং উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা ১৩/০২/২৩ থেকে ১৬/০২/২৩ তারিখের মধ্যে শেষ করতে হবে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়গণকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া বই বিতরণ শতভাগ সম্পন্ন হয়েছে। ভর্তি কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শীর্ষ পদে ৯৪ (চুরানব্বইন) জন সহকারি শিক্ষক যোগদান করেছেন। এবং বিদ্যালয় মনিটরিং কার্যক্রম জোরদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| **১০। মহিলা বিষয়ক বিভাগ:**<br>**অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।** | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর। |
| **১১। সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, অত্র উপজেলার সকল বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের মধ্যে যারা মৃত, অযোগ্য রয়েছে তাদের দ্রুত প্রতিস্থাপনের জন্য আলোচনা হয়। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বরাদ্দ অধিদপ্তর হতে আসা মাত্রই অবগত করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে দ্রুত মৃত, অযোগ্য ভাতাভোগীদের প্রতিস্থাপন পূর্বক নগদ একাউন্ট সহ সমাজসেবা কার্যালয়ে প্রেরনের অনুরোধ জানান। | ক) ইউনিয়ন চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| **১২। যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ২০,৬৫,০০০ টাকা। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ২,৫৪,৭৪৯ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪২০ জন। ১ম ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৩০ জন। নিবন্ধনকৃত যুব সংগঠন রয়েছে-১৪ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| **১৩। সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লি: এর ২৬৩ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৪,১৪,০০,০০০ (চার কোটি চৌদ্দ লক্ষ) টাকা এবং আদায় যোগ্য ঋণের পরিমাণ ১,৯৬,৪০,০০০ (এক কোটি ছিয়ানব্বই লক্ষ চল্লিশ হাজার) টাকা। ঋণ আদায়ের হার ৪৭%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৭৩,৫৮,০৪০ (তেহাত্তুর লক্ষ আটান্ন হাজার চল্লিশ) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৪৭,২৬,২১৮ (সাত চল্লিশ লক্ষ ছাব্বিশ হাজার দুইশত আঠার) টাকা। ঋণ আদায়ের হার ৬৬%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |
| **১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):**<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় বলেন, জানুয়ারি/২৩ মাসের ঋণ বিতরণ করা হয়েছে ৩.৫৫ লক্ষ টাকা এবং আদায় ৩.৮৯ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে ১০৬৯.১৮ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জত ঋণ আদায় ৯৩৭.৭৬ লক্ষ টাকা। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | বিআরডিবি বিভাগের আওতায় বিভিন্ন ঋণ বিতরণ ও প্রশিক্ষণ ও কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |
| ১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |
| ১৬। খাদ্য বিভাগ:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা সদর, জামালপুর। |
| ১৭। বন বিভাগ:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, সদর। |
| ১৮। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৬ষ্ঠ পর্যায়ের জন্য উপজেলা পরিষদের দক্ষতা মূল্যায়ন কার্যক্রমটি অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। পরবর্তি সময়ের জন্য উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগ গুলোকে প্রয়োজনীয় তথ্য প্রদান করার জন্য আহবান করা হচ্ছে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় উপজেলা পরিষদের উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |

<table>
<tr><td>১৮। বিএডিসি (সেচ)<br>বিএডিসি (সেচ) কর্মকর্তা সভায় বলেন যে, বিদ্যুৎ সংযোগ পাওয়ার জন্য গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে মাঠ পরিদর্শন সহ তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে।</td><td>আবেদনকারীদের মাঠ পরিদর্শন শেষ করে দ্রুত সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর।</td></tr>
<tr><td>১৯। পাট উন্নয়ন কর্মকর্তা:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।</td><td>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর।</td></tr>
<tr><td>২০। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।</td><td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, সদর, জামালপুর।</td></tr>
<tr><td>২১। পল্লী সঞ্চয় ব্যাংক:<br>ব্রাঞ্চ ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক সভায় বলেন যে, তার দপ্তরের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।</td><td>ঋণ বিতরণসহ বিভাগীয় সকল কাযক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>ব্যাঞ্চ ম্যানেজার<br>পল্লী সঞ্চয় ব্যাংক, সদর<br>জামালপুর।</td></tr>
<tr><td>২২। বিবিধ:<br><u>(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৩) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৪) অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত।<br>(৫) আসবাবপত্র ক্রয় ও মেরামত।</td><td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত, অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত,আসবাবপত্র ক্রয় ও মেরামত করার সিদ্ধান্ত অনুমোদন করা হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর।</td></tr>
<tr><td><u>(খ) হাটবাজার সম্পর্কিত:</u><br>সভায় ১৪২৯-৩০ বাংলা সনের হাট বাজার ইজারা লব্দ আয়ের ১৫% অর্থ দ্বারা নিম্নে বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য আলোচনা করা হয়। (১) ইটাইল জামতলী বাজারের মাটি ভরাট বাবদ-১,০০,০০০ টাকা।</td><td>বিস্তারিত আলোচনান্তে (১) ইটাইল জামতলী বাজারের মাটি ভরাট বাবদ-১,০০,০০০ টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী<br>ও সংশ্রিষ্ট কমিটি।</td></tr>
<tr><td><u>(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত :</u><br>রাজস্ব তহবিলের ২৯ ডিসেম্বর/২০২২ থেকে ২৯ জানুয়ারি/২৩ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা</td><td>৯৯,০০০</td></tr>
<tr><td>উপচে জুন/২২ থেকে ডিসে/২২ পর্যন্ত টি.এ ডি.এ</td><td>৬৩,১২৫</td></tr>
<tr><td>আনসারের বেতন</td><td>৮,৩৩৩</td></tr>
<tr><td>আপ্যায়ন ও অফিস স্টেশনারী</td><td>৪৩,০৮৩</td></tr>
<tr><td>বাসাবাড়ী ও অফিস মেরামত</td><td>১,৪৩,৪২৪</td></tr>
<tr><td>বজ্র ব্যবস্থাপনা</td><td>২০,০০০</td></tr>
<tr><td>জাতীয় দিবস উদযাপন</td><td>৩৩,৬৬৬</td></tr>
<tr><td>ইন্টারনেট ও আকাশ সংযোগ বিল</td><td>২৩,৩৫০</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ২৯ নভেম্বর/২০২২ থেকে ২৯ জানুয়ারি/২৩ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ৭,৩৩,২১২ (সাত লক্ষ তেত্রিশ হাজার দুইশত বার) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td><td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | অপ্রত্যাশিত খাত | ৯০,০০০ | | |
| | অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত | ২৯,৫০০ | | |
| | পরিষদের জীপগাড়ী মেরামত | ১১,৫২০ | | |
| | বাংলাদেশ স্কাউট, জামালপুর জেলা শাখা | ৫০,০০০ | | |
| | বিদ্যুৎ বিল | ৬০,০০০ | | |
| | মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান | ২২,০০০ | | |
| | প্রকাশনা | ৩৬,২১১ | | |
| | সর্বমোট | ৭,৩৩,২১২ | | |

এ পর্যায়ে মাননীয় সংসদ সদস্য (১৪২, জামালপুর-৫) জনাব আলহাজ্ব ইঞ্জিনিয়ার মোঃ মোজাফ্ফর হোসেন বলেন, জামালপুর সদর উপজেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষে সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। এছাড়া, উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের বিষয়ে অগ্রাধিকার প্রদান করে শুরুর ধিকেই প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন দ্রুত নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন।এছাড়া পানির সমস্যা নিরসনে জনস্বাস্থ্য দপ্তরের আওতায় বরাদ্দপ্রাপ্ত টিউবয়েলগুলো দ্রুত বরিং কার্যক্রম শেষ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি যেন স্বাভাবিক থাকে সে বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থাকে সতর্ক থাকার পরামর্শ দেন। তিনি সরকারি বরাদ্দের সর্বোচ্চ ব্যবহার করে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন।

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, জামালপুর সদরের উন্নয়নের স্বার্থে সকল সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার সহিত কাজ করতে হবে। সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া টি.আর, কাবিখা সহ যাবতীয় উন্নয়নমূলক প্রকল্প দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। স্বল্প সময়ে মানুষের মাঝে যাবতীয় সরকারি সেবা নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যান সহ সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারিদের সময়মত অফিসে আসা নিশ্চিত করতে হবে। এছাড়া উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করেন এবং জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
পজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২৩-১০৯ (ক) তারিখ: ৩০ জানুয়ারি, ২০২৩ খ্রি.

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৮। উপজেলা..........................................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান ......................................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ..................................................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

৩০/০২/'২৩

(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd